

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (হাইস্কুল)

শ্রেণিঃ পঞ্চম

বিষয়ঃ বাংলা

নমুনা উত্তরপত্র (মূল্যায়ন-১)

১.

১.১. (ক) ভোরবেলা।

১.২. (গ) তিস্তা।

১.৩. (গ) ঘোড়ায় টানা গাড়ি।

১.৪. (খ) দুইপ্রকার।

১.৫. (ঘ) সমিতি।

১.৬. (গ) ভাববাচক বিশেষ্য।

১.৭. (ক) সর্কর্মক ক্রিয়া।

১.৮. (ঘ) পদ।

১.৯. (খ) বিশেষণ পদ।

১.১০. (গ) বিশেষ্য।

১.১১. (খ) অসমাপিকা ক্রিয়া।

১.১২. (ক) দশরথ।

১.১৩. (গ) ঋষ্যশৃঙ্গ মুনি।

১.১৪. (ক) উর্মিলা।

১.১৫. (খ) দশদিনের জন্য।

২.

২.১. 'মিষ্টি' কবিতায় কবি প্রেমেন্দ্র মিত্র মনে করেছেন, যে রাস্তায় কেউ পিছলে পড়ে না, হেঁচট খায় না, সেই রাস্তায় গড়িয়ে যেতে মুখখু-রা মজা পায়।

২.২. 'মাঠ মানে ছুট' কবিতায় 'ছুট' বলতে কবির এক সোনালি সার্থক জীবনের কথা মনে হয়েছে।

২.৩. জটি পিসিমার বাড়িতে তালনবমীর ব্রত পালিত হবে, সেই উপলক্ষে ডাল ভাঙতে চুনির মা জটি পিসিমার বাড়ি গিয়েছিল।

২.৪. একটি ক্রিয়াবাচক বিশেষ্যপদের উদাহরণ বাক্যে প্রয়োগ করলে হয় - সাঁতার একটি ভালো ব্যায়াম।

২.৫. মাটি দূষিত হলে গাছের ক্ষতি হয়। - রেখাঙ্কিত অংশটি হল বস্তুবাচক বিশেষ্য।

২.৬. যে ক্রিয়াপদ ব্যবহারে বাক্যের অর্থ সম্পূর্ণ হয় এবং বাক্যটিকে সম্পূর্ণরূপে প্রকাশে সাহায্য করে, তাকে সমাপিকা ক্রিয়াপদ বলে।

যেমন - রাজর্ষি ক্রিকেট খেলছে।

২.৭. দশে মিলে করি কাজ। - রেখাঙ্কিত পদটিকে সংখ্যাবাচক বিশেষ্যপদ বলে। কারণ - রেখাঙ্কিত পদটির দ্বারা দশজন অর্থাৎ সংখ্যার কথা বোঝানো হচ্ছে। আর যে বিশেষ্যপদ সংখ্যা বোঝায়, তাকেই সংখ্যাবাচক বিশেষ্যপদ বলে।

২.৮. ব্রহ্মার কাছে রাবণ বর পান যে কোনো দেবতা, গন্ধর্ব, অসুর, যক্ষ-রক্ষ, পশু-পক্ষী কারোর হাতে তাঁর মৃত্যু নেই।

২.৯. লোমপাদ ছিলেন অঙ্গদেশের রাজা। তাঁর সঙ্গে রাজা দশরথের বন্ধুত্ব ছিল।

২.১০. বাল্মীকির তপোবন ছিল স্নিগ্ধ ও শান্ত। সেখানে বাল্মীকি মুনি তপস্যা ও শাস্ত্রপাঠে নিবিষ্ট থাকতেন।

৩.

৩.১. বিশিষ্ট শিশুসাহিত্যিক ভবানীপ্রসাদ মজুমদারের লেখা 'দারোগাবাবু এবং হাবু' (মূলগ্রন্থঃ উলুক ঝুলুক ছড়ার মুলুক) কবিতায় হাবু সারা দিন-রাত ভগবানকে ডাকে।

➤ হাবুরা চারভাই একটা ঘরেই থাকত। সেই একই ঘরের মধ্যে তার বড়দার সাতটা বেড়াল, মেজদার আটটা কুকুর এবং সেজদার দশটা ছাগলও থাকত। এইসব পোষ্য প্রাণীদের গন্ধে হাবুর প্রাণ ওষ্ঠাগত হত। ঘরে টিকতে না পারার দুঃখে এবং মুক্তির আশায় হাবু সারা দিন-রাত ভগবানকে ডাকত।

৩.২. উদ্ধৃত অংশটি সাহিত্যিক প্রেমেন্দ্র মিত্রের লেখা 'মিষ্টি' (মূলগ্রন্থঃ চাঁদ তারা জোনাকিরা) কবিতার অংশ।

➤ কবি বলেছেন, যে আকাশে রোদ ওঠে না বা মেঘ ডাকে না, যে আকাশে ঝড় ওঠে না বা আকাশ থেকে বৃষ্টি ঝরে পড়ে না - তেমন আকাশ তাঁর ভালো লাগে না। এখানে কবি বলতে চেয়েছেন, যে জীবনে আলো-আঁধার নেই, সেই জীবন একঘেঁয়ে এবং বৈচিত্র্যহীন। সেই জীবন কেউ কেউ পছন্দ করলেও কবি তা পছন্দ করেন না।

৩.৩. বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'ছেলেবেলা' (মূলগ্রন্থঃ ছেলেবেলা বই) পাঠ্যাংশে বালক রবিকে বাংলাদেশের 'শিশু লিভিংস্টন' বলা হয়েছে।

➤ স্কটল্যান্ডের অধিবাসী লিভিংস্টন যেমন দক্ষিণ ও মধ্য আফ্রিকার বিস্তীর্ণ অংশ প্রথম অভিযান করেছিলেন, ঠিক তেমনি বালক রবিও প্রচন্ড গরমে তিনতলার ছাদের ঘরে বসে থাকা অবস্থায় হঠাৎই তাঁর পাশের স্নানঘরটি আবিষ্কার করেছিলেন। এই কারণেই বালক রবিকে বাংলাদেশের 'শিশু লিভিংস্টন' বলা হয়েছে।

৩.৪. সাহিত্যিক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের লেখা 'তালনবমী' (মূলগ্রন্থঃ তালনবমী গল্পসংকলন) গল্পে খোকাঠাকুরটি হল ক্ষুদিরাম ভট্টাচার্যের দশবছরের ছোট ছেলে গোপাল।

- সে এত ভোরে তালদিঘির পাড়ে যাচ্ছিল।
- গোপাল জটি পিসিমার বাড়িতে তালনবমীর ব্রত উপলক্ষে নিমন্ত্রণ পাওয়ার আশা করেছিল। তার জন্য সে তাকে বিনামূল্যে তাল দিতে চায়। তাই গোপাল ভোর থাকতে উঠে গ্রামের বাইরে তালদিঘির পাড়ে তাল কুড়োতে যাচ্ছিল।

৩.৫. সুনীল পালের লেখা 'পাহাড়িয়া বর্ষার সুরে' গদ্যে উদ্ধৃত কথাটি মৌমাছি বলেছে।

- খরায় চারিদিকে জল ছিল না। জল না থাকার ফলে ফুলের আকাল দেখা গেছিল। ফুলের আকাল হওয়ায় মৌমাছির মধু পাচ্ছিল না। আর মধু না পেলে তারা বাঁচবে কী করে? এই ভাবে সে খরায় নাকাল হয়েছিল। তাই সে ব্যাঙের সঙ্গে ভগবানের প্রাসাদে যেতে রাজি হয়েছিল।

SRATI